সংবাদ

তারিখ ..2 ..JUL 2017...

# কুমিল্লা বোর্ডে ফল বিপর্যয় তদন্তে কমিটি

■ নিজস্ব প্রতিবেদক, *কুমিল্লা*

এইচএসসি পরীক্ষার ফল বিপর্যয়ের কারণ অনুসন্ধানে তিন সদস্যের তদন্ত কমিটি গঠন করেছে কুমিল্লা শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ। এ ছাড়া ফল খারাপ করেছে এমন ২০১ শিক্ষা প্রতিষ্ঠানকে চিঠি দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। গতকাল মঙ্গলবার বিকেলে এসব তথ্য জানিয়েছেন বোর্ডের সচিব প্রফেসর মো. আবদুস ছালাম।

চলতি বছর কুমিল্লা বোর্ডের অধীন ৬ জেলার ৩৯০ শিক্ষা প্রতিষ্ঠান থেকে ১ লাখ ৩৭২ শিক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করে পাস করেছেন মাত্র ৪৯ হাজার ৭০৪ জন। গড় পাসের হার ৪৯.৫২ শতাংশ। অস্বাভাবিক এ ফল বিপর্যয়ে সমালোচনার মুখে পড়ে বোর্ড কর্তৃপক্ষ। প্রধানমন্ত্রী শেখ হাসিনাও এ ফল বিপর্যয়ে বিস্ময় প্রকাশ করেছেন। তাই এর কারণ অনুসন্ধানে শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশে গতকাল তদন্ত কমিটি গঠন করেছে বোর্ড কর্তৃপক্ষ। বোর্ডের কলেজ পরিদর্শক প্রফেসর জামাল নাসেরকে আহ্বায়ক এবং উপ-কলেজ পরিদর্শক বিজন কুমার চক্রবর্তী ও উপ-পরীক্ষা নিয়ন্ত্রক হাবিবুর রহমানকে সদস্য করে তিন সদস্যের এ কমিটি

■ পৃষ্ঠা ৪ : কলাম ৬

## কুমিল্লা বোর্ডে ফল বিপর্যয়

[দ্বিতীয় পৃষ্ঠার পর]

গঠন করা হয়। কমিটিকে আগামী ১৫ দিনের মধ্যে ফল বিপর্যয়ের কারণ এবং ভবিষ্যৎ করণীয় নির্ধারণে সুপারিশ করতে বলা হয়েছে।

অন্যদিকে বোর্ডের ৪৯.৫২ শতাংশের নিচে ফেল করা ২০১টি প্রতিষ্ঠানকে চিহ্নিত করা হয়েছে। এসব প্রতিষ্ঠানের ফল খারাপ হওয়ার কারণ এবং ভবিষ্যতে ফল ভালো করতে প্রতিষ্ঠানপ্রধানদের কাছ থেকে পরামর্শ চেয়ে চিঠি দেওয়া হচ্ছে বলে বোর্ড সূত্র জানায়। জেলাওয়ারি ফল খারাপ করা প্রতিষ্ঠানের সংখ্যা হচ্ছে– কুমিল্লায় ৮৯টি, ব্রাহ্মণবাড়িয়ায় ২৩, লক্ষ্মীপুরে ১৭, চাঁদপুরে ২৬, ফেনীতে ২২ এবং নোয়াখালী জেলায় ২৪টি।